



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

## মাগুলিদের দিনটি গুরুত্বপূর্ণ

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।

আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।

মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,

শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।

তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

আমরা যেন ভুলে না যাই যে আমরা আমাদের পবিত্র নাবী (সাঃ) এর জন্মের মাসে আছি। রাবিউল আউয়াল হচ্ছে আমাদের পবিত্র নাবী (সাঃ) এর মাগুলিদের মাস। মাগুলিদ হচ্ছে যেদিন উনার জন্ম হয়েছে, ১২ তারিখ এ মাসের। অতএব, পুরো মাসটিই বারাকাতময় এবং তা আমাদের নাবী (সাঃ) কে সম্মান দেখানোর মধ্য দিয়ে কাটাও।

আমি দেখছি যে তারা "সেইক্রেড বার্থ উইক" নাম দিয়ে এপ্রিল মাসে এক জিনিস শুরু করেছে এবং সেখানেই সমস্ত গুরুত্ব দিচ্ছে। আর এই রাবিউল আউয়াল মাসের কোন গুরুত্বই দিচ্ছে না। আমি জানিনা ১২ তারিখে তারা কিছু করেছে কি না। কিন্তু শেইখ মাগুলানা এই ব্যাপারটির দিকে ইঙ্গিত করেছেন এবং তিনি এপ্রিলের সেইক্রেড বার্থ প্রোগ্রামটি পছন্দ করেননি কারণ এটি ফিতনা। প্রথমে তারা বলছিল, "আমরা দুই মাসেই প্রোগ্রাম করব", কিন্তু এখন আমরা দেখছি যে একেবারেই কোন সম্মান বা যত্ন রাবিউল আউয়ালের মাগুলিদের দিনে তারা দিচ্ছে না।

যাই হোক, আল্লাহর সমস্ত পবিত্র এবং বারাকাতপূর্ণ দিনগুলো চন্দ্রবর্ষের হিসেবে নির্ধারিত হয়েছে। আমাদের পবিত্র নাবী (সাঃ) এর জন্ম উদযাপন করা হয় রাবিউল আউয়াল মাসে। এই মাসে কৃত ভালো কাজসমূহ বেশি বারাকাতময় এবং বেশি সাওয়াবের। আমাদের পবিত্র নাবী (সাঃ) বলেন, "আমার উপর যে একটি সালাওয়াত পড়বে, আল্লাহ্ সেই ব্যক্তিতে দশ গুণ বেশি দান করেন, তার গুনাহ মাফ করে দেন এবং সেই ব্যক্তির আধ্যাত্মিক স্তর দশ গুণ উঁচু করেন"। অতএব, আরও বেশি সাওয়াব হবে যদি বল, "আমরা এই মাসে ভালো কাজ করছি আমাদের পবিত্র নাবী (সাঃ) এর সম্মানে, উনার স্মরণে এবং মাগুলিদের মাসের কথা মনে রেখে।"

সবসময়ই সাওয়াব আছে কিন্তু কিছু বিশেষ সময়ে সাওয়াব এবং বিশেষ দিনে সাওয়াব বেশি। অতএব, আমরা যেন এই দিনগুলো হাতছাড়া না করি। যে এপ্রিল মাসে প্রোগ্রাম শুরু করেছে তার ব্যাপারে কি বলার আছে? আল্লাহ্ তাকে হিদায়াত দান করুন, বিবেক এবং বুদ্ধি দান করুন। তারা বলে, "উভয় মাসেই করা যাবে", কিন্তু তা করা যায় না। তারা আসল এবং সত্য দিনটি ভুলে গিয়ে যে মাস এবং দিনের কোন মর্যাদা নেই (এপ্রিল) সেই মাসকে বেশি গুরুত্ব দিচ্ছে। তারা কিছু জিনিস করেছে এবং সেই



## হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাভ

মাসকে মর্যাদা দেয়ার চেষ্টা করেছে। কিন্তু যেই জিনিসকে আল্লাহ্ কোন দাম দেন না তা মূল্যহীন।  
মাগুলিদের দিনটিই গুরুত্বপূর্ণ ইনশাআল্লাহ।

এই দিনের বারাকাত যেন আমাদের উপরে আসে। এই মাসের বারাকাত যেন আমাদের উপরে  
আসে। মাগুলিদের কারণে যে আল্লাহ্ এই দেশকে নিরাপদ রাখেন এবং ইসলাম যেন জয়ী হয়। আল্লাহ্  
যেন দাজ্জালদের, মুনাফিকদের এবং কাফিরদের দুঃখ এবং নিঃস্বতায় পতিত করেন আমাদের পবিত্র নাবী  
(সাঃ) এর সম্মানে। উনার ধর্ম যেন জয়ী হয় সমস্ত অবিশ্বাস এবং মিথ্যার উর্ধে ইনশাআল্লাহ।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল  
২২ ডিসেম্বর ২০১৬ / ২২ রাবিউল আউয়াল ১৪৩৮  
ফাজার নামায, আকবাবা দারগাহ।